



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
বগুড়া।  
e-mail: ee\_bog@eedmoe.gov.bd



স্মারক নং: নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৪/ ২৫০

তারিখ:-১৫/০২/২০২৪ খ্রিঃ।

বিষয়: খড়মোকাম উচ্চ বিদ্যালয় ও কলেজ, শেরপুর, বগুড়া এর চার তলা ভিত বিশিষ্ট একতলা নতুন একাডেমিক ভবন নির্মাণ কাজ দ্রুত শেষ করা প্রসঙ্গে।

সূত্র: ১। কার্যাদেশের স্মারক নং: ১৩৩(১৩)/নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২০	তারিখ:-২৬/০২/২০২০ খ্রিঃ।
২। প্রধান কার্যালয়ের স্মারক নং: ৩৭.০৭.০০০০.০০৮.১৪.০৭২.২৩-১৬	তারিখ:-০৫/০২/২০২৩ খ্রিঃ।
৩। প্রধান কার্যালয়ের স্মারক নং: ৩৭.০৭.০০০০.০০৮.২৭.০০৩.২১-২৮৮	তারিখ:-৩০/০৪/২০২৩ খ্রিঃ।
৪। স্মারক নং: নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৩/৯১৯	তারিখ:- ১০/১০/২০২৩ খ্রিঃ।
৫। প্রধান কার্যালয়ের স্মারক নং: ৩৭.০৭.০০০০.০০৮.১৪.০৭২.২৩.১১১৬	তারিখ:-২৯/১১/২০২৩ খ্রিঃ।
৬। স্মারক নং: নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৩/১১৭৩ (১)	তারিখ:-৩০/১১/২০২৩ খ্রিঃ।
৭। স্মারক নং: নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৪/৪৪	তারিখ:-০৮/০১/২০২৪ খ্রিঃ।

Tender No- ৩৭৩৫২০


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোড নং-১২৫০৩০১-১০৯২৭২-৪১১১২০১ পরিচালন বাজেটের আওতায় অনাবাসিক ভবন নির্মাণ শীর্ষক কর্মসূচীর্জুক্ত খড়মোকাম উচ্চ বিদ্যালয় ও কলেজ, শেরপুর, বগুড়া এর চারতলা ভিত বিশিষ্ট (তিনটি শ্রেণী কক্ষ) একতলা নতুন একাডেমিক ভবন নির্মাণ কাজের জন্য মেসার্স ভূইয়া এন্টারপ্রাইজ, বারাকান্দি, রসুলপুর, কামারখন্দ, সিরাজগঞ্জকে পত ২৬/০২/২০২০ খ্রিঃ তারিখে ১২ মাস সময়সীমা নির্ধারণপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশে ১২ মাস অর্থাৎ ৩৬৫ দিন সময়সীমা থাকলেও দীর্ঘ ১৪৫০ দিন অতিক্রান্ত হওয়ার পরও অদ্যাবধি ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক কাজটি শেষ করা হয়নি। প্রায় ১ বছর পূর্বে কাজটি Footing এর জন্য মাটি কেটে আংশিক Sand Cushion করা হয়েছে কিন্তু আর কোনো কাজ করা হয়নি। ফলে-

- ভবন নির্মাণ স্থানে প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে নির্মিত ৫ টি শ্রেণিকক্ষ অপসারণ করার ফলে বর্তমানে প্রতিষ্ঠানটিতে শ্রেণিকক্ষের সংকট সৃষ্টি হয়েছে এবং পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে।
- মাটি কেটে ফেলে রাখার ফলে নির্মাণ স্থানের মাটির পুন্যগুন (ভার বহন ক্ষমতা) নষ্ট হয়ে যাচ্ছে।
- পাশবর্তী প্রাইমারী স্কুলের শিক্ষার্থী ও হাই স্কুলের শিক্ষার্থীদের চলাফেরায় অসুবিধা হচ্ছে।
- মাটি কেটে ফেলে রাখায় মসজিদে যাওয়ার রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে।
- মাঠের সৌন্দর্য হানি ঘটেছে ও খেলাধুলার প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে।

সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে বিভিন্ন সময় তাগিদপত্র দেওয়া হলেও ঠিকাদারী প্রতিষ্ঠান নির্মাণ কাজটি শুরু করেন নাই। যা অত্যন্ত দুঃখজনক এবং নিযুক্ত ঠিকাদার কর্তৃক চুক্তি বাতিলের সামিল। বিষয়টি অত্র দপ্তরের ভাবমূর্ত্তি চরমভাবে ক্ষুণ্ণ করছে এবং বিরতকর পরিস্থিতির সৃষ্টি করেছে। এহেন সূত্র পরিস্থিতিতে নিম্নস্বাক্ষরকারীসহ উর্কতন কর্তৃপক্ষকে বিভিন্ন জবাবদিহিতার সন্মুখীন হতে হচ্ছে।

এমতাবস্থায়, উক্ত কাজের নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স ভূইয়া এন্টারপ্রাইজ, বারাকান্দি, রসুলপুর, কামারখন্দ, সিরাজগঞ্জকে অত্র অধিদপ্তরে Black List করা সহ অন্যান্য নিষেধাজ্ঞা আরোপ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের নিকট বিনীতভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

  
15.2.24

(মোঃ আরিফুর্রাহমান)  
নির্বাহী প্রকৌশলী  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
বগুড়া।

প্রাপক:- প্রধান প্রকৌশলী  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা-১০০০।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী।
- ০৩। সহকারী প্রকৌশলী-১/৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বগুড়া।
- ০৪। মেসার্স ভূইয়া এন্টারপ্রাইজ, বারাকান্দি, রসুলপুর, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ০৫। এন সি সি ব্যাংক লিমিটেড, বানেশ্বর শাখা, রাজশাহী।
- ০৬। প্রতিষ্ঠান প্রধান, খড়মোকাম উচ্চ বিদ্যালয় ও কলেজ, শেরপুর, বগুড়া।
- ০৭। অফিস কপি।